

# লবণ হ্রদ সংবাদ

বুধবার ১৬ চৈত্র ১৪১৬

৩১ মার্চ ২০১০

## ধর্মঘট ও প্রতিবাদ দিবস

নিজস্ব প্রতিনিধি : ৩০ মার্চ ইস্টার্ন ইন্ডিয়া করোণেটেড বক্স ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন পালন করল প্রতীক ধর্মঘট ও প্রতিবাদ দিবস। এই শিল্পের সাথে যুক্ত মোট ১৮০ জন সদস্য একদিন ব্যবসা বন্ধ রেখে তাদের স্কেভ জানায়। এই মুহূর্তে করোণেটেড বক্স প্রস্তুতকারক সংস্থাগুলি প্রায় বন্ধের মুখে। এর মূল কারণ ছটি। কাঁচা মালের দাম চল্লিশ শতাংশ বৃদ্ধি। শিল্প সংক্রান্ত কোন পণ্যের দাম বার্ষিক বা দ্বিবার্ষিক হিসাবে নির্ধারণ হয়। কাগজের কার্টেনের রেট যদি এ হারে বেড়ে যায় সেখানে ক্রেতার বাড়াতি দাম দিতে ইচ্ছুক নয়। এছাড়া প্রশাসনিক ও সরকারের অসহযোগী মনোভাব, রপ্তানিকরা ওয়েস্ট পেপারের দাম বৃদ্ধি, করোণেটেড বক্স তৈরির ১ টন কাগজের দামযেখানে ৮ হাজার টাকা সেখানে বিশ্ব বাজারে তা ২০০ ডলার থেকে বেড়ে ২৫০ ডলার হবে শীঘ্রই। খুচরা ব্যবসায়ীদের পাল্লা দিয়ে টিকে থাকা ছাড়াও আরও নানান সমস্যা হচ্ছে বলে জানান এখানকার সদস্যরা। ২৫ মার্চ এক সাংবাদিক সম্মেলনে এই সমস্যা তুলে ধরেন এফ সি বি এম এর সভাপতি আর জি আগওয়াল। ইকমার সভাপতি হেমান্ত সারাওগি, সহ-সভাপতি মিলন দে, সম্পাদক ভরত কেডিয়া।